



পবিত্র ঈদুল আজহায় ৯ দিনের ছুটিতে যাচ্ছে গণ বিশ্ববিদ্যালয়



ছবি: লেন্স এশিয়া

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে টানা ৯ দিনের ছুটি ঘোষণা করেছে গণ বিশ্ববিদ্যালয় (গবি)। আগামী ২৫ মে থেকে ২ জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ধরনের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ছুটির সময় সব বিভাগ, দপ্তর ও শ্রেণিকক্ষ কার্যক্রম বন্ধ থাকবে। তবে নিরাপত্তা, ফার্মসহ জরুরি সেবাগুলো প্রশাসনের নির্দেশনা অনুযায়ী চালু থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ঈদের ছুটি শেষে আগামী ৩ জুন থেকে নিয়মিত ক্লাস ও প্রশাসনিক কার্যক্রম পুনরায় শুরু হবে।

সংশ্লিষ্টরা জানান, শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের পরিবারের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগির সুযোগ করে দিতেই এ ছুটির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতোমধ্যে অনেক শিক্ষার্থী বাড়ি ফেরার প্রস্তুতি শুরু করেছেন।

LENS ASIA